



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

www.iau.edu.bd iau.exam@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।



স্মারক নং-ইআবি/পনি/অনার্স/২০১৯/২৬১০

তারিখ: ০৩/১০/২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

**ফাজিল (স্নাতক) অনার্স পরীক্ষা: ২০২০-এর স্থগিত (Withheld) ফলাফল এবং রিটেইক ও
গ্রেড উন্নয়ন পরীক্ষা সংক্রান্ত**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর অধীনে অনুষ্ঠিত ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২০-এর ফলাফল ০২/১০/২০২২ খ্রি. তারিখে প্রকাশিত হয়েছে। যে সকল পরীক্ষার্থীর ফলাফল স্থগিত (Withheld) রয়েছে, বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক ফলাফল প্রকাশের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের মাধ্যমে যথাসম্ভব দ্রুত সময়ের মধ্যে ফলাফল প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

কোনো বর্ষে কোনো কোর্সে 'F' গ্রেড প্রাপ্ত ছাত্রকে পরবর্তী ব্যাচের সাথে গ্রেড উন্নয়ন করতে হবে; কোনো কোর্সে 'D' গ্রেড প্রাপ্ত শিক্ষার্থী মানোন্নয়ন করতে চাইলে পরবর্তী ব্যাচের সাথে বার্ষিক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। রিটেইক ও গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের জন্য বার্ষিক চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর ১৫ দিনের মধ্যে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করবেন। শিক্ষার্থী একটি কোর্সে ১ (এক) বারের বেশি এই সুযোগ পাবে না।

ফাজিল (স্নাতক) অনার্স পরীক্ষা-২০২০-এ যে সকল পরীক্ষার্থী ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছেন কিন্তু ১ম থেকে ৪র্থ বর্ষের যে কোনো কোর্সে F গ্রেড থাকার কারণে চূড়ান্ত ফলাফলে নির্ধারিত ক্রেডিট পূর্ণ করতে ব্যর্থ হয়েছেন অথবা CGPA ২.৫০ এর কম পেয়ে চূড়ান্ত ফলাফলে Fail করেছেন তারা নির্ধারিত ক্রেডিট পূরণের লক্ষ্যে F গ্রেড/গ্রেডসমূহে মানোন্নয়ন পরীক্ষার জন্য ফলাফল প্রকাশের পর বিশ (২০) দিনের মধ্যে অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করবেন।

বি.দ্র. : স্থগিত (Withheld) ফলাফলের জন্য আবেদন করার কোনো প্রয়োজন নেই।

Handwritten signature and date: 03/10/22

(প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ)

প্রো-উপাচার্য

ও

পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা.)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি/অনার্স/২০১৯/২৬১০

তারিখ: ০৩/১০/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক, অর্থ ও হিসাব (অ. দা.), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. উপাচার্যের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. প্রো-উপাচার্যের একান্ত সচিব (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সেকশন অফিসার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. আইসিটি শাখা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. অফিস নথি।

Handwritten signature and date: 03/10/22

(ছিদ্দিকুর রহমান)

সেকশন অফিসার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।